দৈনিক খবর

তারিখ 29 DEC 1991 কলাম ৬
পৃষ্ঠা ২

১৭৪

# ঢাকা ভার্সিটি ক্যাম্পাসে দু'দফায় ১০ রাউন্ড গুলী বর্ষণ

।।বিশ্ববিদ্যালয়রিপোর্টার।।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় দু'দফায় কমপক্ষে ১০ রাউন্ড গুলীবর্ষিত হয়েছে। তবে এতে কেউ হতাহত হয়নি। গুলীবর্ষণের ঘটনার পর পরই পুলিশ জহরুল হক হলে তল্লাশী চালায়।

বিকেল পৌনে পাঁচটার দিকে কলাভবন এলাকায় দু'তিনজনের একটি সশস্ত্র দল কলাভবন এলাকায় তিন রাউন্ড ফাঁকা গুলীবর্ষণ করলে ক্যাম্পাসে উত্তেজনা বৃদ্ধি পেতে থাকে। এসময় সূর্যসেন হল এলাকার দিক থেকে একটি বিক্ষোভ মিছিল ভিসি'র বাসভবনে যায়। এরপর ভিসি'র সাথে তাদের কি আলোচনা হয়েছে তা জানা যায়নি।

এ ঘটনার পর টিএসসি এলাকায় একদল সশস্ত্র যুবককে মহড়া দিতে দেখা গেছে এবং পরে বিবদমান দু'টি ছাত্র সংগঠনের মধ্যে সেখানে ধাওয়া ও পাল্টা ধাওয়া চলে। আতংকিত ছাত্র-ছাত্রীদের তখন এদিক-ওদিক ছুটোছুটি করতে দেখা যায়। আরো পরে প্রায় সন্ধ্যা সোয়া ছ'টার দিকে মোহসীন হল ও জহরুল হক হলের মধ্যবর্তী স্থানে প্রায় ৭/৮

২ এর পাতায় দেখুন

## ঢাকা ভার্সিটি ক্যাম্পাসে

প্রথম পৃষ্ঠার পর

রাউন্ড ফাঁকা গুলী বর্ষিত হয়। একই সময় ক্যাম্পাসে অবস্থানরত পুলিশ ঐ এলাকায় প্রায় ৮/১০ রাউন্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। কাঁদানে গ্যাস নিক্ষেপের পর গোলাগুলী থেমে যায়। পরে ২ প্লাটুন পুলিশের একটি দল জহরুল হক হলে তল্লাশী চালায়। তবে তল্লাশী চালিয়ে কিছু উদ্ধার করা হয়েছে কি-না তাৎক্ষণিকভাবে কিছু জানা যায়নি। পুলিশী তল্লাশী চলাকালে অনেককে পুলিশের নিরপেক্ষতার ব্যাপারে কথা বলতে দেখা গেছে। তারা বলেন, যখন অস্ত্রধারীরা মোহসীন হলেও অবস্থান নেয় তখন শুধু জহরুল হক হলে তল্লাশী চালানোরহস্যজনক।

ঘটনার কারণ সম্পর্কে পরস্পর বিরোধী খবর পাওয়া গেছে। অনেকের মতে, গত বুধবার সকালে ডাঃ মিলনের মাজারে গোলাম ফারুক অভির পুষ্পস্তবক অর্পণের ঘটনাকে কেন্দ্র করে এ ঘটনার সূত্রপাত হয়েছে। আবার ছাত্রদলের অন্য একটি সূত্র দাবী করেছে, অভি গ্রুপের সশস্ত্র ব্যক্তিরা নাদিমকে লক্ষ্য করে গুলীবর্ষণ করেছে। অনেকের মতে, ছাত্রদলের আভ্যন্তরীণ কোন্দলের কারণে ঘটনার সূত্রপাত ঘটেছে। তবে কারো কাছ থেকে আসল রহস্য উদঘাটন সম্ভব হয়নি।

গতকালও বিশ্ববিদ্যালয়ে পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হয়েছে। তবে গোলাগুলীর ঘটনায় সাধারণ ছাত্র-ছাত্রীদের মধ্যে আতংক দেখা দিয়েছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত পুলিশ জানায়, (রাত ১০টা) সূর্যসেন ও মোহসীন হলের দিকে পুলিশ গেলেও তল্লাশী হয়নি এবং জহরুল হক হল থেকেও কোন অস্ত্রশস্ত্র উদ্ধার করা যায়নি। ক্যাম্পাসে অবস্থা মোটামুটি শান্ত বলেজানান।